

তারিখ ..12. DEC 1990...

পৃষ্ঠা... ৬...কলাম... ৭...

দৈনিক খবর

ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

ঢাকা বিশ্ববিদ্যালয় দেশের
প্রাচীনতম এবং শ্রেষ্ঠ বিশ্ববিদ্যালয়।
তাই স্বাভাবিকভাবেই প্রতি বছর
হাজার হাজার ছাত্র-ছাত্রী দেশের সব
অঞ্চল থেকে এসে বিশ্ববিদ্যালয়ের
ভর্তি পরীক্ষায় অর্জন করছেন। কিন্তু
তাদের খুব কম সংখ্যকই এই ভর্তি
পরীক্ষায় উত্তীর্ণ হয়ে বিশ্ববিদ্যালয়ে
ভর্তির সুযোগ পায়।

এদিকে কিছুসংখ্যক উচ্চ নম্বরধারী
ছাত্র (এসএসসি ও এইচএসসিতে)
মোটামুটি ভালো পরীক্ষা দিয়ে 'ক'
ইউনিটে, ফলিত পদার্থ বিদ্যা ফার্মেসী
বিভাগে এবং 'স' ইউনিটে অর্থনীতি,
আন্তর্জাতিক সম্পর্ক ও অন্যান্য শীর্ষ
স্থানীয় বিভাগসমূহে ভর্তি হয়।
পরবর্তীতে তাদের অনেকেই প্রকৌশল
বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ
হলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভর্তি বাতিল
না করে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ভর্তি
হয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের চার
থেকে ছয় মাস পরে প্রকৌশল
বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরু পূর্ব পর্যন্ত
এখানে আসন দখল করে রাখে। যার
একমাত্র উদ্দেশ্য হলো ঢাকা
বিশ্ববিদ্যালয়ে ঘুরে বেড়িয়ে সময়
কাটিয়ে দেয়া। অথচ এই আসনগুলো
শূণ্য হলে সেগুলোতে অপেক্ষমাণ
তালিকা থেকে বেশ কিছুসংখ্যক ছাত্র-
ছাত্রী ভর্তি করা সম্ভব হতো। উল্লেখ্য,
বিশ্ববিদ্যালয়ের প্রতিটি আসনের জন্য
দশ বা ততোধিকক ছাত্র-ছাত্রী
প্রতিযোগিতা করে। কিন্তু একই সাথে
দুই শিক্ষা প্রতিষ্ঠানে আসন দখলকারী
ছাত্রদের অবিবেচনা প্রসূত আচরণের
দরুন বেশ কিছুসংখ্যক ছাত্র-ছাত্রীকে
একটি শিক্ষাবর্ষ হারাতে হচ্ছে। এ
প্রবণতা রোধের ব্যবস্থা নেয়া উচিত।
আর এ ছন্যে এ বছর থেকে ভর্তি
হওয়ার এক বছরের মধ্যে মূল
স্যাটিফিকেট ও মার্কশীট কেয়ত না
দিলে ভর্তি বাতিল হবে এই নিয়ম চালু
করা যেতে পারে। উল্লেখ্য যে,
মেডিকেল কলেজসমূহে এই নিয়ম
ইতিমধ্যে চালু করা হয়েছে। এ
ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি
আকর্ষণ করে আশু ব্যবস্থা গ্রহণের
জন্য আবেদন জানাচ্ছি।

চৌধুরী সারওয়ার মুর্শেদ
নিউ বেইলী রোড
ঢাকা।

58

2